২৫

ভোরের কাগজ

তারিখ 05 JUN 1998
পৃষ্ঠা 2 কলাম ৫

# চ. বির দুই হল থেকে ছাত্রলীগ-শিবিরের ৪ নেতা গ্রেপ্তার

চট্টগ্রাম অফিস : সন্ত্রাসী ঘটনায় জড়িত থাকার অভিযোগে পুলিশ গত বুধবার রাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দুটি হল থেকে ছাত্রলীগ ও শিবিরের চারজন নেতাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃতদের মধ্যে একজন হল শাখা ছাত্রলীগের সভাপতি এবং অন্য তিনজন হল শাখা শিবিরের সভাপতি সাধারণ সম্পাদক ও সদস্য।

পুলিশ শাহজালাল হল থেকে ছাত্রলীগের নেতা আবুল কালাম আজাদকে ও শিবিরের নেতা ফজলুল হক, আবদুস সবুর এবং শহীদ রব হল থেকে শিবিরের সদস্য নাসিরুল্লাহ সিদ্দিকী পরাগকে গ্রেপ্তার করে। গত ২৬ এপ্রিল ছাত্রলীগের একটি পোস্টার ছেঁড়াকে কেন্দ্র করে ছাত্রলীগ নেতা আবুল কালাম আজাদ ও শিবির নেতা ফজলুল হকের মধ্যে হাতাহাতি হয়। এই হাতাহাতি থেকে দুসংগঠনের মধ্যে বেধে যায় ভয়াবহ সংঘর্ষ। ফলে দুজন ছাত্র নিহত হয়। এছাড়া আরো দুজন সন্ত্রাসী নিহত হয় যা গোপন থাকে।

ছাত্রলীগ তাদের নেতা গ্রেপ্তারের প্রতিবাদে গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করেছে। তারা অভিযোগ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন 'খুনিদের' পুনর্বাসন করার জন্য ছাত্রলীগের বিরুদ্ধে পুলিশকে লেলিয়ে দিয়েছে।

এদিকে শিবির গতকাল বৃহস্পতিবার বিকেলে নগরীর দলীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে অভিযোগ করেছে, পুলিশ পক্ষপাতদুষ্ট হয়ে তাদের 'নেতাকর্মীদের গ্রেপ্তার করছে। পুলিশি হয়রানি বন্ধ ও শিবিরের ধৃত নেতাকর্মীদের মুক্তি না দিলে আগামীকাল শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অবরোধ করা হবে।